

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৪০২

আগরতলা, ১৪ জুন, ২০২৪

### চা বাগান অঙ্গনওয়াড়ি কেন্দ্রে স্বাস্থ্য শিবির

উনকোটি জেলার মাছমাড়া প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে উদ্যোগে গতকাল চা বাগান অঙ্গনওয়াড়ি কেন্দ্রে এক স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়। শিবিরে এলাকার ৬৭ জনের চিকিৎসা করে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয়েছে। তাছাড়াও শিবিরে অসংক্রামক রোগের স্ক্রিনিং করা হয়। শিবিরে স্বাস্থ্যকর্মীগণ ম্যালেরিয়া প্রতিরোধে ঔষধযুক্ত মশারি ব্যবহারের প্রয়োজনীয়তা নিয়ে আলোচনা করেন। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*